সাভার, ঢাকা-১৩৪০
মোবাইলঃ ০১৯৬৬৫৬২৬৪৫, ০১৯৬৩৩১৩৪৯৩, ০১৬২৮২১৯৩৭৮

# সংবিধান

**ভূমিকা :**

যে কোন প্রতিষ্ঠান পরিচালনার জন্য সংবিধান অপরিহার্য। এই ধারাবাহিকতায় "Intelligent Friends Group" পরিচালনা করার জন্য এই সংবিধান প্রণিত হয়েছে। এই সংবিধান অত্যন্ত সংক্ষিপ্ত হলেও অনেক বেশী তাৎপর্যপূর্ণ। এই সংবিধানের প্রতিটি ধারা স্পষ্ট এবং সহজ ভাষায় লিখিত এই সংবিধানের সবচেয়ে বড় বৈশিষ্ট হলো এই সংবিধান সুপরিবর্তনীয়। একটি প্রতিষ্ঠান পরিচালনার জন্য শুধু মাত্র সংবিধানই একক নীতিমালা নয়। এ জন্য এ সংবিধানের অনেক বিষয়ই কার্য্যনির্বাহী পরিষদের সিদ্বান্ত নেওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে সে ক্ষেত্রে কার্য্যনির্বাহী পরিষদ পরিস্থিতি বিবেচনা করে সময় উপযোগী সিদ্বান্ত নিবে।

**পরিচিতি :**

ধারা-১ : নাম :

এই প্রতিষ্ঠানের নাম "Intelligent Friends Group" সংক্ষেপে IFG

ধারা-২ : প্রতিষ্ঠাকাল :

১৭ ই ডিসেম্বর ২০১৩

ধারা-৩ : কার্য্যলয় :

সাভার, ঢাকা।

ধারা-৪ : লক্ষ্য ও উদ্দেশ্য :

একটি আদর্শ বহুমুখী ব্যবসায়ী প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষে  এবং এর মাধ্যমে প্রত্যেক সদস্যের অর্থনৈতিক উন্নতি সাধনের পাশাপাশি আর্ত মানবতার সেবায় এগিয়ে এসে সামাজিক উন্নয়নে ভূমিকা পালক। এবং সকল কাছের ব্যক্তি বর্গ একটি সার্কেলে আবদ্ধ রাখা।

ধারা-৫ : কার্য্যনির্বাহী পরিষদ :

পতিষ্ঠানের অনাধিক ৫ (পাঁচ) সদস্যের একটি কার্য্যনির্বাহী পরিষদ গঠিত হবে। "Intelligent Friends Group" এর কার্য্যনির্বাহী পরিষদ "মইনুদ্দিন গ্রুপ ট্রাষ্ট" নির্বাচিত করবে।

"Intelligent Friends Group" যে কোন সময় এই পরিষদ পরিবর্তন করতে পারবে না। এই নির্বাচিত কমিটি "মইনুদ্দিন গ্রুপ ট্রাষ্ট" ব্যাতিত অন্য কেউ পরিবর্তন করার ক্ষমতা রাখে না। কার্য্যনিবাহী পরিষদের সদস্যগনের পদবী হবে নিম্নরূপ-

| ক্রমিক নং | পদের নাম |
|---|---|
| ১. | চেয়ারম্যান |
| ২. | সেক্রেটারী |
| ৩. | ভাইস প্রেসিডেন্ট |
| ৪. | অর্থ বিভাগ |
| ৫. | আই.টি বিভাগ |

ধারা-৬ : সদস্য পদ :

১. প্রতিষ্ঠানের সদস্য সংখ্যা সর্বোচ্চ সীমাবদ্ধতা থাকবে না।
২. প্রত্যেক সদস্য সর্বোচ্চ ৫ (পাঁচ) টি শেয়ার গ্রহন করতে পারবে।

ধারা-৭ : সদস্য হওয়ার পদ্ধতি :

১. প্রতিষ্ঠান কর্তৃক নিধারিত ফরম পূরন করে সদস্য হওয়ার আবেদন করতে হবে।
২. "Intelligent Friends Group" এর যে কোন সদস্য যে কোন সময় "মইনুদ্দিন গ্রুপ.লি" এর যে কোন প্রতিষ্ঠানের সদস্য হতে পারবে। তবে সদস্য বা সদস্য হওয়া কালীন সদস্য পদ এর মূল্যের সমপরিমান নগদ টাকা এককালীন পরিশোধ করতে হবে।

ধারা-৮ : নমিনী :

১. প্রতিষ্ঠানের প্রত্যেক সদস্য তার পক্ষে একজন নমিনী মনোনিত করবেন।
২. কোন সদস্য তার নমিনী পরিবর্তন করতে চাইলে চেয়ারম্যান বরাবর লিখিত আবেদন করে পরিবর্তন করা যাবে।

ধারা-৯ : চাঁদার হার:
প্রতি সদস্য পদ এর জন্য প্রথম ৫০০ (পাঁচ শত) টাকা এবং মাসিক চাঁদার হার ২০০ (দুই শত) টাকা মাত্র। এছাড়া মূলধন বৃদ্ধির জন্য অধিকাংশ সদস্যের সম্মতির বৃত্তিতে বিভিন্ন প্রকার বিনিয়োগ এককালীন চাঁদা ও ব্যাংক লোন নেওয়া যেতে পারে।

ধারা-১০ : চাঁদার আদায়কাল:
প্রতি মাসের ১০ তারিখ শেষ দিন হিসেবে বিবেচিত হবে।

ধারা-১১ : জরিমানা:
নির্ধারিত সময়ের চাঁদা পরিশোধ না করলে পরবর্তি প্রতিমাসের জন্য ৩০ টাকা জরিমানা প্রদান করতে হবে।

ধারা-১২ : হিসাব সংরক্ষণ:
১. প্রতিষ্ঠানের অর্থ বছর হবে ডিসেম্বর থেকে নভেম্বর।
২. প্রতিষ্ঠানের যাবতীয় হিসাব রশিদ বই, পাশ বই, রেজিষ্টার খাতা ও ভাউচারের মাধ্যমে সংরক্ষিত হবে। হিসাবের স্বচ্চতার লক্ষে প্রয়োজনীয় ক্যাশ বুক ও লেজার বুক সংরক্ষন করতে হবে।
৩. প্রতি মাসের শেষে তারিখের মধ্যে মাসিক অর্থনৈতিক প্রতিবেদন সম্পন্ন করতে হবে।
৪. প্রতি ৬ মাস পর পর প্রতিষ্ঠানের অর্থনৈতিক প্রতিবেদন তৈরি করতে হবে।
৫. প্রতি বছর ৩০ শে নভেম্বর এর মধ্যে বিগত ১ বছরের হিসাবের সমন্বয়ে বার্ষিক অর্থনৈতিক প্রতিবেদন তৈরি করতে হবে। এবং তা বার্ষিক বোর্ড মিটিং এ পেশ করতে হবে।

ধারা-১৩ : হিসাব সংরক্ষণ:
“Intelligent Friends Group” এর পক্ষে চেয়ারম্যান, সেক্রেটারী ও অন্য একজন (চেয়ারম্যান যাকে বাছাই করবেন) এর নামে বাংলাদেশ ইসলামী ব্যাংক লিঃ এর সাভার শাখায় একটি যৌথ একাউন্ট খোলা হবে। চেয়ারম্যান সহ যে কোন দুই জনের স্বাক্ষরের মাধ্যমে ব্যাংক থেকে টাকা উত্তলন করা যাবে।

ধারা-১৪ : অডিট:

১. প্রতি বছর বার্ষিক হিসাব হওয়ার পর থেকে বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হওয়ার মধ্যবর্তি সময়ের মধ্যে অডিট সম্পর্ণ করতে হবে।
২. কর্তৃপক্ষ ৩ সদস্য বিশিষ্ট একটি অডিট কমিটি গঠন করতে হবে। অডিট কমিটি সদস্য প্রতি বছর পরিবর্তন হতে পারে।
৩. অডিট কমিটির প্রতিবেদনই চূরান্ত প্রতিবেদন হিসেবে বিবেচিত হবে।

ধারা-১৫ : সদস্য পদ প্রত্যাহার:

১. সদস্য পদ গ্রহনের ১ম বছরের মধ্যে বিনিয়োগ প্রত্যাহার করা যাবে না।
২. যদি কোন সদস্য ১ বছর পর তার সদস্য পদ প্রত্যাহার করতে চায় তবে ৩ মাস পূর্বে জানাতে হবে। সে ক্ষেত্রে কোন লাভ পাবে না।
৩. যদি কোন সদস্য পদ ৩য় বছর তার সদস্য পদ প্রত্যাহার করতে চায় সেক্ষেত্রে ৪ মাস পূর্বে কার্য্যনির্বাহী পরিষদের নিকট লিখিত আবেদন করতে হবে। এবং কার্য্যনির্বাহী পরিষদ অনুমোদনক্রমে লভ্যাংশ সহ সদস্য পদ প্রত্যাহার করতে পারবে।

ধারা-১৬ : সদস্য পদ বাতিল:

১. কোন সদস্য প্রতিষ্ঠানের স্বার্থ বিরোধী কোন কাজ করলে এবং তা প্রমানিত হলে কার্য্যনির্বাহী পরিষদের সদস্যদের অধিকাংশের মতামতের বৃত্তিতে উক্ত সদস্যের সদস্য পদ বাতিল করা যাবে।
২. কোন সদস্যে মৃত্যুতে সদস্য পদ বাতিল বলে গন্য হবে। এবং যাবতীয় পাওনা নির্ধারিত নিয়ম অনুযায়ী উক্ত সদস্যের মনোনিত নমিনীর নিকট ৩ মাসের মধ্যে ফেরত দেওয়া হবে।

ধারা-১৭ : বিনিয়োগ:

১. সকল প্রকার বিনিয়োগ "Intelligent Friends Group" এর নামে করা হবে।
২. বিনিয়োগের জন্য ৩ ধরনেরর নিয়ম অনুস্বরণ করা হবে।
   ক) এককালীন বিনিয়োগ।
   খ) মাসিক কিস্তি বিনিয়োগ।
   গ) প্রকল্প ভিত্তিক বিনিয়োগ।

ধারা-১৮ : সমাজ কল্যান ও জনসেবা:

প্রতিষ্ঠানের মোট লাভ্যাংশের ২.৫০% সমাজ কল্যান ও দুঃস্থ মানবতার সেবায় ব্যয় করা হবে।

ধারা-১৯ : সভা:

১. প্রতি মাসে কার্যনির্বাহী পরিশোধের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে।
২. প্রতি এক বছর পর পর একটি বোর্ড মিটিং অনুষ্ঠিত হবে।
৩. বিশেষ প্রয়োজনে কার্য্যনির্বাহী পরিশোধ যে কোন ধরনের জরুরী সভা আহবান করতে পারবে।

ধারা-২০ : সংবিধান সংশোধন:

প্রয়োজন স্বাপেক্ষে প্রতিষ্ঠানের অধিকাংশের মতামতের ভিত্তিতে কার্য্যনির্বাহী পরিষদ কর্তৃক নির্ধারিত পন্থায় এই সংবিধান পরিবর্তন/পরিবর্ধন ও সংশোধন করা যাবে। সেক্ষেত্রে মইনুদ্দিন গ্রুপ ট্রাষ্ট এর নিকট লিখিত আবেদন করতে হবে যদি মইনুদ্দিন গ্রুপ ট্রাষ্ট ইচ্ছা করেন তবেই এই সংবিধান পরিবর্তন /পরিবর্ধন ও সংশোধন করা যাবে।

ধারা-২১ : বিবিধ: সদস্যদের শপথ-

আমি........................................................ "Intelligent Friends Group" এর একজন সদস্য হিসেবে শপথ করছি যে, "Intelligent Friends Group" এর উন্নতি কল্পে গৃহীত সকল পদক্ষেপ সফল ভাবে বাস্তবায়নের জন্য সর্বাত্তক প্রচেষ্টা চালিয়ে যাবো, পারস্পারিক সম্পর্ক বজায় রাখবো এবং প্রতিষ্ঠানের স্বার্থ বিরোধী কোন কাজে অংশ গ্রহন করবো না। আল্লাহ আমাকে এই শপথ এর উপর টিকে থাকার তাওফিক দিন। আমিন!

(প্রতিষ্ঠানের চেয়ারম্যান এই শপথ পাঠ করাবে)

সমাপ্ত